সংবাদ

তারিখ 16 MAR 2003
পৃষ্ঠা ৭ কলাম ৭

## মাদ্রাসায় নিয়োগ না দেয়ায় সুপারকে অপহরণ

রাজাপুরের শুক্তাগড় মাহমুদিয়া দাখিল মাদ্রাসার স্থায়ী পদে নিয়োগ না দেয়ায় প্রার্থীর লোকজন মাদ্রাসা সুপারকে অপহরণ করে। ঘটনার ১ দিন পর এলাকার চেয়ারম্যান সুপারকে উদ্ধার করে পুলিশের হেফাজতে দেন। ঘটনাটি ঘটে গত ৯ই মার্চ সন্ধ্যার দিকে। জানা গেছে, প্রায় ২ মাস আগে ওই মাদ্রাসায় স্থায়ী পদে আবুল মাসুম নামে এক ব্যক্তিকে নিয়োগ দেয়া হয়; কিন্তু এতে অন্য এক প্রার্থী আমির হোসেনের লোকজন ক্ষিপ্ত হয়। তাদের অনুরোধ উপেক্ষিত হওয়ায় তারা ঘটনার দিন সন্ধ্যার দিকে বাড়ি ফেরার পথে মাদ্রাসা সুপার মাহবুবুর রহমানকে (৪২) অপহরণ করে। খবর পেয়ে পুলিশ ও স্থানীয় চেয়ারম্যান অ্যাডভোকেট আবুল কালাম আজাদ রাতভর তল্লাশি চালিয়ে তাকে উদ্ধারে ব্যর্থ হন। পরে চেয়ারম্যানের চাপের মুখে ওই অপহরণকারী চক্র তাকে চেয়ারম্যানের হাতে তুলে দেয়। চেয়ারম্যান সুপারকে পুলিশের হেফাজতে দেন। এ ঘটনায় থানায় যোগাযোগ করা হলেও অপহরণকারীরা প্রভাবশালী হওয়ার কারণে তা থানায় রেকর্ড করা হয়নি বলে অভিযোগে জানা গেছে।